চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

২৯ জুলাই ২০১৭ খ্রি.

আইডিবি' র অর্থায়নে স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরের অধীনে প্রায় ১ কোটি ৩৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত কদমতলী আবেদীয়া আদর্শ সরকারী প্রার্থমিক বিদ্যালয় এর নতুন ভবন শুভ উদ্বোধন করলেন মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

আইডিবি' র অর্থায়নে স্থানীয় সরকার প্রকৌশল দপ্তরের অধীনে প্রায় ১ কোটি ৩৫ লক্ষ টাকা ব্যয়ে নির্মিত কদমতলী আবেদীয়া আদর্শ সরকারী প্রার্থমিক বিদ্যালয় এর নতুন ভবন উদ্বোধন করা হয়। ২৯ জুলাই ২০১৭ খ্রি. শনিবার, সকালে ফলক উন্মোচন ও মোনাজাতের মাধ্যমে নতুন এই ভবনের শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। পরে অত্র স্কুল মিলনায়তনে অনুষ্ঠিত সুধী সমাবেশে সভাপতিত্ব করেন ২৮নং ওয়ার্ড কাউন্সিলর আলহাজ্ব মো. আবদুল কাদের। এতে প্রধান অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম জেলা প্রাথমিক শিক্ষা অফিসার নাছরিন সুলতানা, চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের শিল্প ও বাণিজ্য বিষয়ক সম্পাদক আলহাজ্ব মাহবুবুল হক মিয়া, চট্টগ্রাম প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক মহসিন চৌধুরী ও চট্টগ্রাম জেলা পরিষদের সদস্য এবং চট্টগ্রাম দক্ষিণ জেলা মহিলা আওয়ামী লীগের সহ-সভাপতি সাহিদা আকতার জাহান। স্বাগত বক্তব্য রাখেন অত্র প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রীনা চক্রবর্তী। সুধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা শতভাগ শিক্ষিত নাগরিকের বাংলাদেশ বিনির্মাণে শিক্ষা খাতে নানামুখী ভর্তুকি দিয়ে আলোকিত মানুষ গড়ার প্রয়াস চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, প্রাথমিক থেকে সর্বোচ্চ ডিগ্রী অর্জন পর্যন্ত সময়ে গরীব ও নি:স্ব পরিবারের সন্তানদের প্রণোদনা দিয়ে যাচ্ছেন। অবৈতনিক প্রাথমিক শিক্ষা, বিনামূল্যে পাঠবই প্রদান, শিক্ষা সহায়ক বৃত্তি,

শিক্ষা সহায়ক টিফিন সহ নানামুখী সুবিধা দিয়ে শিক্ষা গ্রহণের সুযোগ সৃষ্টি করে যাচ্ছে- যা পৃথিবীর ইতিহাসে বিরল ঘটনা। মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, মেধাবী শিক্ষার্থী গরীব হলেও সরকার বিনা অর্থে প্রকৌশলী ও ডাক্তার হওয়ার সুযোগ করে দিয়েছে। মেধাবীরা শিক্ষার সুযোগ থেকে বঞ্চিত হওয়ার কোন কারণ নেই। আজ যারা নি:স্ব পরিবারের শিক্ষার্থী তারা সুশিক্ষা গ্রহণ করে পরিবারের দু:খ ও দারিদ্রতা চির অবসান ঘটাতে পারে। তিনি শিক্ষা সহায়ক জনবান্ধব বর্তমান সরকারের সকল সেবাধর্মী কাজে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন। অনুষ্ঠান শেষে মেয়র নবনির্মিত বিদ্যালয় ভবনটির বিভিন্ন ক্লাস রুম ঘুরে দেখেন। উল্লেখ্য যে, আইডিবি’র অর্থায়নে ছয় তলা ফাউন্ডেশনের এ ভবনটির তিন তলা পর্যন্ত নির্মাণে ১ কোটি ৩৪ লক্ষ ৮৭ হাজার ৮শত ৫৭ টাকা ব্যয় হয়েছে।

২৯ জুলাই ২০১৭ খ্রি.

জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদকাসক্ত থেকে তরুণ প্রজন্মকে রক্ষা করতে হবে
শেখ রাসেল ডিজিটাল ল্যাব, নব নির্মিত শহীদ মিনার, ভলিবল টুর্ণামেন্ট ও বৃক্ষ রোপন কর্মসূচি উদ্বোধন এবং মরহুম জয়নাল আবেদীন চৌধুরী ও লুৎফা আবেদীন চৌধুরী স্মৃতি বৃত্তি প্রদান অনুষ্ঠানে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আলোকিত মানুষ গড়ার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন সর্বোচ্চ ভর্তুকি দিয়ে শিক্ষা প্রতিষ্ঠান বৃদ্ধিসহ পরিচালনা করে যাচ্ছে। নীতি-নৈতিকতায় মূল্যবোধ সম্পন্ন আধুনিক প্রযুক্তি নির্ভর মানব সম্পদ বিনির্মাণে চট্টগ্রাম সিটি কর্পোরেশন নগরবাসীর প্রদেয় পৌরকর ব্যয় করে দেশ ও জাতির কল্যাণ করে যাচ্ছে। মেয়র বলেন, কাট্টলী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজের জন্য নতুন একটি ৫ তলা ভবন নির্মাণের দরপত্র আহবান করা হয়েছে। বহু বছর পর অত্র বিদ্যালয়ে ভাষা শহীদদের জন্য শহীদ মিনার নির্মাণ করা হলো। ইতিহাস, ঐতিহ্য ও মহান মুক্তিযুদ্ধের মূল্যবোধে সমৃদ্ধ করে শিক্ষার্থীদের গড়ে তোলার প্রয়াস অব্যাহত থাকবে। মেয়র বলেন, জঙ্গীবাদ, সন্ত্রাস ও মাদকাসক্ত থেকে তরুণ প্রজন্মকে রক্ষা করতে হবে। সে লক্ষ্যে অভিভাবক, শিক্ষক ও শিক্ষার্থীদের

অগ্রণী ভূমিকা পালন করতে হবে। মেধায়, মননে এবং দ্বিশক্তিতে বলীয়ান কোন জাতিকে ষড়যন্ত্র ও চক্রান্ত করে দাবিয়ে রাখা যাবে না। বাঙালি বীরের জাতি। এ জাতি শেখ হাসিনার হাত ধরে সামনে এগিয়ে যাচ্ছে। বর্তমান তরুণ সমাজের হাত ধরে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে উন্নিত হবে। মেয়র পরিবেশবান্ধব, পরিচ্ছন্ন, বিশ্বমানের চট্টগ্রাম বিনির্মাণে সকল শ্রেণী ও পেশার মানুষের সহযোগিতা কামনা করেন। ২৯ জুলাই ২০১৭ খ্রি. শনিবার, কলেজ প্রাঙ্গণে কাট্টলী সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয় স্থাপিত “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” , নব নির্মিত শহীদ মিনার ও বৃক্ষরোপন কর্মসূচি উদ্বোধন এবং মরহুম জয়নাল আবেদন চৌধুরী ও লুৎফা আবেদীন চৌধুরী স্মৃতি বৃত্তি প্রদান, আন্তঃ কলেজ ভলিবল টুর্ণামেন্ট উদ্বোধন এবং অভিভাবক ও শিক্ষকদের সাথে মতবিনিময় সভা এবং সুধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এ সহযোগিতা কামনা করেন। ১০নং উত্তর কাট্টলী ওয়ার্ড কাউন্সিলর ও প্যানেল মেয়র-৩ প্রফেসর নিছার উদ্দিন আহমেদ মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত সুধী সমাবেশে বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রামের কলেজ পরিদর্শক প্রফেসর সুমন বড়ুয়া, চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, সংরক্ষিত ৪নং ওয়ার্ডের কাউন্সিলর মিসেস আবিদা আজাদ, আকবরশাহ থানা আওয়ামী লীগের সভাপতি সুলতনা আহমেদ চৌধুরী, সাধারণ সম্পাদক কাজী আলতাফ হোসেন, অত্র শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পরিষদের সদস্য হাবিবুর রহমান, প্রিয়তোষ চৌধুরী, কহিনুর আক্তার। স্বাগত বক্তব্য রাখেন অত্র শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ মো. আবু তালেব বেলাল। আইসিটি ল্যাভ উদ্বোধন কার্যক্রম পরিচালনা ও পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন সহকারী শিক্ষক নাজমুল হাসান। অনুষ্ঠান সঞ্চালন এবং সহযোগিতায় ছিলেন প্রভাষক নুরুল আবছার, শারবান তাহুরা, মো. মনিরুজ্জামান, মো. জহিরুল আলম, সহকারী শিক্ষক জাকের হোসেন চৌধুরী, লিটন কান্তি দেব, রেজাউল করিম ও বিশ্বজিৎ পারিয়াল। মেয়র নব নির্মিত শহীদ মিনারে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে এবং ফিতা কেটে উদ্বোধন করেন। এ ছাড়াও তিনি “শেখ রাসেল ডিজিটাল ল্যাব” উদ্বোধন, বৃক্ষের চারা রোপন, আন্তঃ কলেজ ভলিবল টুর্ণামেন্ট উদ্বোধন করেন এবং জয়নাল আবেদীন চৌধুরী ও লুৎফা আবেদীন চৌধুরী বৃত্তি শিক্ষার্থীদের মাঝে বিতরণ করেন।

২৯ জুলাই ২০১৭ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বাজেট ৩০ জুলাই ৫ম নির্বাচিত পর্ষদের বর্ষপূর্তি ৩১ জুলাই

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট আগামী ৩০ জুলাই ২০১৭ খ্রি. রবিবার বেলা ১১.৩০ টায়, চসিক নগরভবনের ২য় তলাস্থ কেবি আবদুচ ছত্তার মিলনায়তনে পেশ করা হবে। বাজেট পেশ করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৫ম নির্বাচিত পরিষদের ২য় বর্ষ পূর্তি উপলক্ষে আগামী ৩১ জুলাই ২০১৭ খ্রি. সোমবার, বেলা ১১ টায়, নগরীর লালখান বাজারস্থ ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে সুধি সমাবেশ অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠান সমূহে সংশ্লিষ্টদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা